গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

TEL No: 05427-64005

# আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
E-mail: aminagirlshs@gmail.com
প্রতিষ্ঠার তারিখঃ ১৪-১০-১৯৬০খ্রিঃ, সরকারি করণঃ ০১-০৬-১৯৮৫ইং বিদ্যালয় কোড-৬৩০০
EIIN No: 121624, পোষ্ট কোডঃ ৫৭২০, জেলা কোডঃ ৫৫, উপজেলা কোডঃ ৫৫০৫

স্মারক নং-আসবাউবি/সুন্দর/গাই-২০২১/ ২৯৯ তারিখঃ ২৬/০৫/২১

## "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা নিলামে অংশগ্রহনেচ্ছু ঠিকাদারগণকে জানানো যাচ্ছে যে, আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ব্লক-এ (সেমি পাকা বিল্ডিং) ২৬.২০০×৮.৯০০ মিটার, ব্লক বি (সেমি পাকা বিল্ডিং) ২৮.০০×৮.৯০০ মিটার, ব্লক-সি (সেমি পাকা বিল্ডিং) ১৮.২০০×৮.২০০ মিটার, ব্লক-ডি (সেমি পাকা বিল্ডিং) ১২.২০০ ×৮.২০০ মিটার এবং ব্লক-ই (সেমি পাকা বিল্ডিং) ২২.০০×৮.২০০ মিটার ০৫টি সেমিপাকা টিন সেড ভবন নিলামে বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | |
|---|---|
| ক) দরপত্র/সিডিউল বিক্রয়ের তারিখ | ঃ ২৭/০৫/২০২১ খ্রিঃ থেকে ০২/০৬/২০২১খ্রিঃ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত। |
| খ) দরপত্র/সিডিউল জমাদানের তারিখ | ঃ ০৩/০৬/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত।(রক্ষিত বাক্সে) |
| গ) দরপত্র/সিডিউল বাক্স খোলার তারিখ | ঃ ০৩/০৬/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ৩.০০ টা। |
| ঘ) দরপত্র/সিডিউল বিক্রয় ও জমা গ্রহনের স্থান | ঃ (১) প্রধান শিক্ষকের কার্যালয়, আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| ঙ) দরপত্র উন্মুক্ত করার স্থান | ঃ উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ। |

**শর্তাবলিঃ**

১। দরপত্র সিডিউলের মূল্য ৫০০ (পাঁচশত) টাকা ( অফেরতযোগ্য)। সিডিউলের ফটোকপি কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না।
২। দরপত্রের সঙ্গে ৫০,০০০ (পঁঞ্চাশ হাজার ) টাকার পেঅর্ডার/ব্যাংক ড্রাফট যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা মহোদয়ের অনুকুলে দাখিল করতে হবে ( যা ফেরতযোগ্য)।
৩। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হলে ০৩(তিন) দিনের মধ্যে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ১৫% ও আয়কর ৫% মোট ২০% বাড়তি টাকাসহ ডাকের সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।
৪। সরেজমিনে বিদ্যালয়ের ০৫ (পাঁচ )টি আধাপাকা টিনসেড ভবন পরিদর্শন করে দেখা যেতে পারে। তবে এ বিষয়ে পরবর্তীতে কোন ওজর আপত্তি বিবেচনা করা হবে না।
৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ভবন ০৫ (পাঁচ) টির মালামাল অপসারণ করতে হবে।
৬। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ভবনের সম্পূর্ণ মালামাল অপসারনে ব্যর্থ হলে অথবা ভবনের মালামাল অপসারনের সময় কোনরুপ কালক্ষেপন/ সরকারি ক্ষতি সাধিত হলে তার দায়ভার দরদাতাকে বহন করতে হবে।
৭। দরপত্রের সঙ্গে দরদাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করে সিলগালা খামে দাখিল করতে হবে এবং খামের উপরে দরদাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৮। সর্বোচ্চ দরদাতা (কৃতকার্য দরদাতা) কে সমুদয় টাকা ০৩ (তিন) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
৯। উদ্ধৃত মূল্যের সম্পূর্ণ টাকা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানে ব্যর্থ হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে।
১০। প্রথম সর্বোচ্চ দরদাতা কোন কারনে ব্যর্থ হলে পর্যায়ক্রমে দ্বিতীয়/তৃতীয় সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য হিসেবে ঘোষণা করা হবে।
১১। কর্তৃপক্ষ যে কোন সময় কোনো প্রকার কারন দর্শানো ব্যতিরেকে দরপত্র/নিলাম বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০৫/২০২১
(মোঃ মোস্তাফিজুর রহমান আকন্দ)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
ও
সদস্য সচিব, উপজেলা নিলাম কমিটি
সুন্দরগঞ্জ,গাইান্ধা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৪। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৫। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।
৬। উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(তাঁকে নিলাম বিজ্ঞপ্তিটি তার ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নেয়ার অনুরোধসহ)।
৯।অফিস নথি।

মোঃ মোস্তাফিজুর রহমান আকন্দ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।